দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN 24 2000
পৃষ্ঠা ১ কলাম ২

# ২ মার্চ এসএসসি পরীক্ষা পরীক্ষার্থীর সংখ্যা ৯ লাখ ১২ হাজার

শরিফুজ্জামান পিন্টু

দেশের সর্ববৃহত পাবলিক এক্সামিনেশন এসএসসিতে এবছর পরীক্ষার্থীর সংখ্যা অতীতের সকল রেকর্ড ভঙ্গ করেছে। আগামী ২ মার্চ থেকে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় বিগত বছরের তুলনায় পৌনে এক লাখ পরীক্ষার্থী বেশি অংশগ্রহণ করবে। পাঁচটি শিক্ষাবোর্ডে এ বছর এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৯ লাখ ১২ হাজার। মাত্র দু' সপ্তাহের মধ্যে এই পাবলিক পরীক্ষা শেষ হবে। এদিকে পরীক্ষার্থীর সংখ্যা ক্রমাগত বেড়ে চলায় শিক্ষাবোর্ডগুলো বিশেষ করে ঢাকা ও রাজশাহী বোর্ডের নাভিশ্বাস অবস্থা। পরীক্ষার্থীর সংখ্যা বছর বছর বেড়ে চললেও জনবল বা অন্যান্য সুবিধা বাড়েনি। রেজিস্ট্রেশন

(১১ পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## ২ মার্চ এসএসসি পরীক্ষা

(প্রথম পাতার পর)

জটিলতা, সঠিক সময় পরীক্ষা গ্রহণ ও ত্রুটিমুক্ত ফল ঘোষণা, মার্কশীট ও সার্টিফিকেট প্রদান প্রভৃতি কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ঢাকা ও রাজশাহী বোর্ড বিকেন্দ্রীকরণ জরুরী বলে সংশ্লিষ্ট প্রশাসন অভিমত প্রকাশ করেছে। ইতোমধ্যে কুমিল্লা বোর্ড বিকেন্দ্রীকরণ করে সিলেট বোর্ড গঠন করা হয়েছে যার আনুষ্ঠানিক কার্যক্রম আগামী বছর শুরু হবে।

জানা যায়, এ বছর ভুয়া রেজিস্ট্রেশনধারীরা এসএসসি পরীক্ষায় অংশ নিতে পারছে না। যেসব পরীক্ষা কেন্দ্রের বিরুদ্ধে বদনাম বা খারাপ রিপোর্ট রয়েছে সেগুলো বাতিল করা হয়েছে। এবছর যারা এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে তারা সকলেই নতুন সিলেবাসের পরীক্ষার্থী। মাত্র দু' সপ্তাহের মধ্যে (২ মার্চ থেকে ১৫ মার্চ) এবার এসএসসি পরীক্ষা শেষ করার যে উদ্যোগ নেয়া হয়েছে তা এক নতুন রেকর্ড।

চলতি বছর রাজশাহী বোর্ডে সর্বাধিক ২ লাখ ৭০ হাজার ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ নেবে। ঢাকা বোর্ডে এবছর পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ২ লাখ ৬৩ হাজার। কুমিল্লা বোর্ড থেকে ১ লাখ ৫৩ হাজার ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করবে। এছাড়া যশোর বোর্ড থেকে প্রায় দেড় লাখ ও চট্টগ্রাম বোর্ড থেকে ৭৬ হাজার ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ঢাকা শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক মোঃ আতাউর রহমান বলেন, সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন করার জন্য প্রস্তুতি নেয়া হচ্ছে। তিনি আরও বলেন, বছর বছর পরীক্ষার্থীর সংখ্যা বেড়ে যাওয়ায় সুপারভিশনে সমস্যা হচ্ছে। বিদ্যমান জনবল ও সুবিধার আওতায় কাজেকর্মে বিঘ্ন সৃষ্টি হওয়ায় ঢাকা বোর্ড বিকেন্দ্রীকরণ করা যেতে পারে বলে তিনি অভিমত প্রকাশ করেন।